

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

সমিতির কোষাধ্যক্ষের বাজেট বক্তৃতা
বার্ষিক সাধারণ সভা - ২০২২



তারিখ : ৩১ ডিসেম্বর, ২০২২

সময় : সকাল ৯:৩০ মিঃ

সভাস্থল : অবসর ভবন

বাড়ি # ৭৫/এ, রোড # ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা।

www.brgewa.com

সমিতির কোষাধ্যক্ষের বাজেট বক্তৃতা

বিস্মিল্লাহির রাহমানির রাহিম।

মাননীয় সভাপতি, সহ-সভাপতিদ্বয়, মহাসচিব এবং কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, বিভাগীয় ও জেলা শাখা থেকে আগত সম্মানিত প্রতিনিধিবৃন্দ ও কেন্দ্রীয় সমিতির উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ, আপনারা সকলে আমার সালাম ও আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন।

আচ্ছালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ ওয়া বারাকাতুহু,

বাজেটের মাধ্যমে যেকোন প্রতিষ্ঠানের ভিশন মিশন এর প্রতিফলন ঘটে। আমাদের সমিতির বর্তমান কার্যক্রম, ভবিষ্যৎ ভাবনা ও পরিকল্পনা আমাদের এই বাজেটে প্রতিফলিত হয়েছে। অর্থ উপ-কমিটিতে বাজেটের উপরে সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করে মূল্যবান পরামর্শ প্রদান করেছেন। সে সব পরামর্শের আলোকে বাজেট প্রস্তুত করা হয়েছে। ২০২১ সনের হিসাবের অডিট করানো হয়েছে। ইহাতে হিসাব বিভাগের আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করা হয়েছে। ক্যাশ বই, লেজার বইসহ সমিতির হিসাব, ব্যাংক থেকে প্রাপ্ত মুনাফার হিসাব হালনাগাদ করা হয়েছে। জানুয়ারী ২০১৫ হতে হিসাব বিভাগে সফটওয়্যারের মাধ্যমে হিসাব সংরক্ষণ করা হচ্ছে যা একটি সময়োপযোগী পদক্ষেপ। এর ফলে হিসাব বিভাগের কাজ অনেকটা সহজ ও দ্রুত সম্পন্ন করা যাচ্ছে। এছাড়া সমিতির আর্থিক বিধিমালা মোতাবেক হিসাব কার্য পরিচালনা ও সংরক্ষণ করা হচ্ছে। বাজেট প্রণয়ন ও হিসাব রক্ষণাবেক্ষণের জন্য সমিতির মাননীয় সভাপতি, মহাসচিব, অর্থ উপ-কমিটির চেয়ারম্যান ও অন্যান্য সদস্য এবং যুগ্ম-কোষাধ্যক্ষ তাঁদের মূল্যবান উপদেশ ও শ্রম দিয়ে সহযোগিতা করেছেন। আমি তাঁদেরকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা। ২০২২ সনের সংশোধিত ও ২০২৩ সনের প্রস্তাবিত বাজেট কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। ২০২২ সালের সমিতির হিসাব, পেনশন ফাউন্ডেশনের হিসাব এবং ইন্ডাউমেন্ট ফান্ডের হিসাবের জন্য নিয়োগকৃত অডিট ফার্ম যথাযথভাবে হিসাব সংশ্লিষ্ট রেকর্ডপত্র পরীক্ষা-নিরীক্ষা করে তাদের রিপোর্ট দাখিল করেছে এবং উহা কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। অডিট ফার্ম সমিতির হিসাব পরীক্ষা নিরীক্ষান্তে সন্তুষ্টি প্রকাশ করেছে। অডিট ফার্মের মতামত নিম্নে হুবহু তুলে ধরা হলো :

Opinion

We have audited the financial statements of The Member of **Bangladesh Retired Government Employees Welfare Association (BRGEWA)** (“the Association”), which comprise the statement of financial position as at 31 December 2021, and the statement of profit or loss

and other comprehensive income and statement of receipts & payments for the year then ended, and notes to the financial statements, including a summary of significant accounting policies.

In our opinion, except for the matter described in the basis for qualified opinion section of our report, the accompanying financial statements present fairly in all material respects, the financial position of **Bangladesh Retired Government Employees Welfare Association (BRGEWA)** as at 31 December, 2021 and its financial performance and its receipt and payment for the year ended in accordance with International Financial Reporting Standards (IFRSs) and other applicable rules and regulations.

Basis for Qualified Opinion

Bangladesh Retired Government Employees Welfare Association (BRGEWA) has not stated the real value of investment as at Balance sheet date due to non-application of accrual basis of accounting. The organization does not represent the investment interest accrued at the financial statements. We have drawn the attention on this matter in the recent year with an emphasis of matter.

We have conducted our audit in accordance with **International Standards on Auditing (ISAs)**. Our responsibilities under those standards are further described in the Auditor's Responsibilities for the Audit of the Financial Statements section of our report. We are independent of the Association in accordance with the ethical requirement that is relevant to our audit of the financial statements in Bangladesh, and we have fulfilled our other ethical responsibilities in accordance with these requirements. We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our opinion.

Responsibilities of Management and Those Charged with Governance for the Financial Statements

Management is responsible for the preparation of financial statements that give a true and fair view in accordance with IFRSs and for such internal control as management determines is necessary to enable the preparation of financial statements that are free from material misstatement, whether due to fraud or error. In preparing the financial statements, Management is responsible for assessing the Association's ability to continue as a going concern disclosing, as applicable, matters related to going concern and using the going concern basis of accounting unless management either intends to liquidate the Association or to cease operation of or has no realistic alternative but to do so.

Those charged with governance are responsible for overseeing the Association's financial process.

Auditor's Responsibilities for the Audit of the Financial Statements

Our objectives are to obtain reasonable assurance about whether the financial statements as a whole are free from material misstatement, whether due to fraud or error, and to issue an auditor's report that includes our opinion. Reasonable assurance is a high level of assurance, but is not a guarantee that an audit conducted in accordance with ISAs will always detect a material misstatement when it exists. Misstatements can arise from fraud or error and are considered material if, individually or in the aggregate, they could reasonably be expected to influence the economic decisions of users taken on the basis of these financial statements.

As part of an audit in accordance with ISAs, we exercise professional judgment and maintain professional skepticism throughout the audit. We also:

- Identify and assess the risks of material misstatement of the financial statements, whether due to fraud or error, design and perform audit procedures responsive to those risks, and obtain audit evidence that is sufficient and appropriate to provide a basis for our opinion. The risk of not detecting a material misstatement resulting from fraud is higher than for one resulting from error, as fraud may involve collusion, forgery, intentional omissions, misrepresentations, or the override of internal control.
- Obtain an understanding of internal control relevant to the audit in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing an opinion on the effectiveness of the Association's internal control.
- Evaluate the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates and related disclosures made by management.
- Conclude on the appropriateness of management's use of the going concern basis of accounting and, based on the audit evidence obtained, whether a material uncertainty exists related to events or conditions that may cast significant doubt on the Association's ability to continue as a going concern. If we conclude that a material uncertainty exists, we are required to draw attention in our auditor's report to the related disclosures in the financial statements or, if such disclosures are inadequate, to modify our opinion. Our conclusions are based on the audit evidence obtained up to the date of our auditor's report. However, future events or conditions may cause the Association to cease to continue as a going concern.
- Evaluate the overall presentation, structure and content of the financial statements, including the disclosures, and whether

the financial statements represent the underlying transactions and events in a manner that achieves fair presentation. We communicate with those charged with governance regarding, among other matters, the planned scope and timing of the audit and significant audit findings, including any significant deficiencies in internal control that we identify during our audit.

Report on Legal and Regulatory Requirement

In accordance with the Companies Act 1994, we report the following:

- a) We have obtained all the information and explanation which is to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit and made due verification thereof;
- b) In our opinion, proper books of account as required by law have been kept by the association so far as it appeared from our examination of those books; and
- c) The statement of financial position and statement of profit or loss and other comprehensive income dealt with by the report are in agreement with the books of account.

Dated : Dhaka
November, 20, 2022


Mohammad Fakhurul Alam Patwary FCA
Managing Partner
M.Z. Islam & Co.
Chartered Accountants

বাজেটের আকার

এখন আমি ২০২২ সনের অনুমোদিত বাজেট ও ২০২২ সনের সংশোধিত বাজেট এবং ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটের উল্লেখযোগ্য বিষয়ে সংক্ষেপে কিছু আলোচনা করতে চাই। ২০২২ সনে অনুমোদিত বাজেট ছিল মোট ১৬,০২,১৬,০০০/- টাকা যা সংশোধিত বাজেটে দাঁড়িয়েছে মোট ১৬,৫১,৯৭,০০০/- টাকা। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে ধরা হয়েছে মোট ১৮,৩৩,৭৫,০০০/- টাকা। ২০২১ সনের ১৫,২৫,১১,০০০/- টাকার অনুমোদিত বাজেটের চেয়ে ২০২২ সনে অনুমোদিত বাজেটে প্রায় ৫.০৫% অর্থাৎ ৭৭,০৫,০০০/-টাকা বেশী ধার্য করে বাজেটের আকার দাঁড়িয়েছিল ১৬,০২,১৬,০০০/- টাকা। ২০২২ সনের অনুমোদিত বাজেটের চেয়ে ২০২৩ সনের প্রস্তাবিত বাজেট প্রায় ১৪.৪৫% অর্থাৎ ২,৩১,৫৯,০০০/- টাকা বৃদ্ধি করে বর্তমান বাজেটের আকার দাঁড়িয়েছে ১৮,৩৩,৭৫,০০০/- টাকা। সমিতির ইতিহাসে ২০২৩ সালের বাজেটের আকার সর্ববৃহৎ। সরকারের (জনপ্রশাসন মন্ত্রণালয়) অনুদান বৃদ্ধি ও ইন্ডাউমেন্ট ফান্ডের জমাকৃত অর্থ FDR (স্থায়ী আমানত) থেকে মুনাফার ৭৫% অর্থ প্রায় ৫৫,০০,০০০/- টাকা পাওয়ায় বাজেটের আকার বৃদ্ধি করা সম্ভব হয়েছে। এ জন্য সরকারকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। বাজেটের আকার বৃদ্ধির কারণে সমিতির আর্থিক বুনিয়াদ শক্তিশালী হয়েছে এবং ভবিষ্যতে সমিতি নিজস্ব আয়ের উপর ভিত্তি করে চলতে সক্ষম হবে বলে আমার বিশ্বাস।

প্রাপ্তি খাত :

- (১) সরকার ও অন্যান্য সংস্থার অনুদান : সরকার ও অন্যান্য সংস্থা হতে ২০২২ সনের বাজেটে সম্ভাব্য প্রাপ্তি ধরা হয়েছিল ১২,১৫,৫০,০০০/- টাকা। সংশোধিত বাজেটে উহা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১২,৮৬,৫৫,০০০/- টাকা। অর্থাৎ ৭১,০৫,০০০/- টাকা বেশী। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে সংস্থান করা হয়েছে ১৪,১৫,৫০,০০০/- টাকা যা ২০২২ সনের অনুমোদিত বাজেটের চেয়ে প্রায় ১৬.৪৫% অর্থাৎ ২,০০,০০,০০০/- টাকা বেশী। অত্র খাতসমূহে ২০২১ সনে প্রকৃত প্রাপ্তি ১১,২২,২৫,০০০/- টাকা এবং ২০২২ সনে ১২,১৫,৫০,০০০/- টাকা যা ২০২১ সনের চেয়ে ২০২২ সনে প্রাপ্তি প্রায় ৮.৩১% অর্থাৎ ৯৩,২৫,০০০/- টাকা বেশী।
- (২) বাড়ীভাড়া : বাড়ীভাড়া ২০২২ সনের অনুমোদিত বাজেটে ধার্য ছিল ২,০০,০০,০০০/- টাকা। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে এ খাতে ধরা হয়েছে ১৮,০০,০০০/- টাকা। কারণ, ভবনের ২টি তলা খালী রয়েছে। অত্র খাতে ২০২১ সনে প্রকৃত প্রাপ্তি ১,৮৯,১২,১৫০/- টাকা এবং ২০২২ সনে সংশোধিত বাজেটে ধরা হয়েছে ১,৫০,০০,০০০/- টাকা যা ২০২১ সনের প্রকৃত প্রাপ্তির চেয়ে ২০২২ সনে কম প্রাপ্তি ৩৯,১২,১৫০/- টাকা।

(৩) হাসপাতালের আয় : ২০২২ সনের অনুমোদিত বাজেটে অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী হাসপাতালের আয় ধরা হয়েছিল ৪০,০০,০০০/- টাকা; কিন্তু আয় হয়েছে প্রায় ৬৮,০০,০০০/- টাকা যা ২০২১ সনের অনুমোদিত বাজেট ৪০,০০,০০০/- টাকার চেয়ে ৭০% অর্থাৎ ২৮,০০,০০০/- টাকা বেশী। উল্লেখ্য, এ খাতে ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে এই খাতে প্রস্তাব করা হয়েছে ৮০,০০,০০০/- টাকা যা ২০২২ সনের অনুমোদিত বাজেটের ডাবল অর্থাৎ ৮০,০০,০০০/- টাকা। অত্র হিসাব খাতে ২০২১ সনে প্রকৃত প্রাপ্তি ৪৯,৫৯,৪৯৭/- টাকা এবং ২০২২ সনে ৬৮,০০,০০০/- টাকা অর্থাৎ ১৮,৪০,৫০৩/- টাকা বেশী। বাজেটে অর্থসংস্থান বেশী হওয়ায় আমরা সমিতির সদস্যদের উন্নত সেবা প্রদান করতে পারছি। ফলে সেবাহরণকারীদের সংখ্যা উল্লেখযোগ্যহারে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং আরো বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস।

প্রদান :

১। সেবা খাত :

(ক) চিকিৎসা : এই খাতে ২০২২ সনে হাসপাতালের চিকিৎসক/কর্মচারীদের বেতন ভাতা এবং অন্যান্য খরচসহ অনুমোদিত বাজেট ধরা হয়েছিল ৩,২৬,৫০,০০০/- টাকা। ২০২২ সনের সংশোধিত বাজেটে উহা নির্ধারিত হয়েছে ২,৭৬,৮০,০০০/- টাকা। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে প্রস্তাব করা হয়েছে ৪,৯৭,০০,০০০/- টাকা যা ২০২২ সনের অনুমোদিত বাজেটের চেয়ে ৫২.২২% অর্থাৎ ১,৭০,৫০,০০০/- টাকা বেশী। ২০২২ সনের প্রস্তাবিত বাজেটের চেয়ে ২০২৩ সনের প্রস্তাবিত বাজেট অতিরিক্ত অর্থ বরাদ্দ রাখার কারণে এই ব্যবধান হয়েছে। এ খাতে ২০২১ সনে প্রকৃত প্রদান ২,২৪,৫৪,৭৭২/- টাকা এবং ২০২২ সনে ২,৭৬,৮০,০০০/- টাকা যা ২০২১ সনের চেয়ে ২০২২ সনে প্রদান ২৩.২৭% অর্থাৎ ৫২,২৫,২২৮/- টাকা বেশী। কারণ ২০২২ সনে হাসপাতালের জন্য মেশিন ক্রয় করায় খরচ বেশী হয়েছে।

(খ) শিক্ষাবৃত্তি, অনুদান, জরুরী চিকিৎসা ও কন্যার বিবাহ খাত : এই সকল খাতে ২০২২ সনে অনুমোদিত বাজেট ছিল ৪,২৭,০০,০০০/- টাকা। সংশোধিত বাজেটে ধরা হয়েছে ৫,৪৩,৫০,০০০/- টাকা। ২০২৩ সনের বাজেটে প্রস্তাব করা হয়েছে ৫,৫১,৫০,০০০/- টাকা যা ২০২২ সনের অনুমোদিত বাজেটের চেয়ে প্রায় ২৯.১৬% অর্থাৎ ১,২৪,৫০,০০০/- টাকা বেশী। অত্র খাতসমূহে ২০২১ সনে প্রকৃত প্রদান

৩,৪৯,৪৮,৯০০/- টাকা এবং ২০২২ সনে ৫,৪৩,৫০,০০০/- টাকা যা ২০২১ সনের চেয়ে ২০২২ সনে প্রদান ৫০.৫১% অর্থাৎ ১,৯৪,০১,১০০/- টাকা বেশী। কারণ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ ১,৭২,৩০,০০০ টাকা বৃদ্ধি করতে পারায় বাজেটে অর্থ বরাদ্দ বেশী করা হয়েছে।

(গ) জেলা শাখা সমিতিসমূহ ও বিভাগীয় প্রতিনিধিগণের অফিস পরিচালনা খাতঃ এসব খাতে ২০২২ সনের অনুমোদিত বাজেট ধরা হয়েছিল ১,৫৫,৫০,০০০/- টাকা। সংশোধিত বাজেটে উহা দাঁড়িয়েছে ১,৩৭,৫০,০০০/- টাকা। ২০২২ সনের সংশোধিত বাজেটের ব্যয়ের উপর লক্ষ্য রেখে ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে প্রস্তাব করা হয়েছে ১,৯৭,৫০,০০০/- টাকা। অত্র খাতসমূহে ২০২১ সনে প্রকৃত প্রদান ৯৭,৩৩,৮৯০/- টাকা এবং ২০২২ সনে ১,৩৭,৫০,০০০/- টাকা যা ২০২১ সনের চেয়ে ২০২২ সনে প্রদান প্রায় ৪১.২৫% অর্থাৎ ৪০,১৩,১১০/- টাকা বেশী।

২। প্রাতিষ্ঠানিক খাত : এই খাতে ২০২২ সনের অনুমোদিত বাজেট ধার্য করা হয়েছে ৩,৫৫,৮০,০০০/-টাকা এবং সংশোধিত বাজেটে তা বৃদ্ধি করে ধরা হয়েছে ৩,৬৯,৪৯,৭৩৯/- টাকা। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে প্রস্তাব করা হয়েছে ৪,১৩,৭৫,০০০/-টাকা। অত্র খাতসমূহে ২০২১ সনে প্রকৃত প্রদান ২,৫০,৬৬,৯২১/- টাকা এবং ২০২২ সনে প্রদান ৩,৬৯,৪৯,৭৩৯/- টাকা যা ২০২১ সনের চেয়ে ২০২২ সনে প্রদান প্রায় ৪৭.৪০% অর্থাৎ ১,১৮,৮২,৮১৮/- টাকা বেশী। কারণ ২০২১ সনের চেয়ে ২০২২ সনে সকল ক্ষেত্রে সমিতিতে কাজের স্বার্থে খরচ বৃদ্ধি পেয়েছে।

৩। সেবা ও প্রাতিষ্ঠানিক খাত : বাজেটে সেবা ও প্রাতিষ্ঠানিক খাতে ২০২২ সনের অনুমোদিত বাজেট ধরা হয়েছিল সর্বমোট ১৩,১৯,৪৫,০০০/- টাকা। সংশোধিত বাজেট ধরা হয়েছে ১৩,৯৮,৬৪,৭৩৯/- টাকা। ২০২৩ সনের প্রস্তাবিত বাজেটে প্রস্তাব করা হয়েছে ১৭,২৬,২৫,০০০/- টাকা।

এতক্ষণ উল্লেখযোগ্য যে সকল খাতের উপর আলোকপাত করা হয়েছে, উহার ২০২১ ও ২০২২ সালের প্রকৃত প্রাপ্তি ও প্রদান খাতের একটি চিত্র নিম্নে ছক আকারে দেখানো হলো :

প্রাপ্তির খাত	২০২১ সনের প্রাপ্তি	২০২২ সনের সম্ভাব্য প্রাপ্তি	মন্তব্য
(১) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা	১১,২২,২৫,০০০/-	১১,৮৭,৫৫,০০০/-	
(২) বাড়ী ভাড়া	১,৮৯,১২,১৫০/-	১,৫২,৩৭,২৩২/-	
(৩) হাসপাতালের আয়	৪৯,৫৯,৪৯৭/-	৬৫,০০,০০০/-	
মোট =	১৩,৬০,৯৬,৬৪৭/-	১৪,০৪,৯২,২৩২/-	৩.২৩% বেশী

প্রদান খাত	২০২১ সনের প্রদান	২০২২ সনের সম্ভাব্য প্রদান	মন্তব্য
(১) চিকিৎসা	২,২৪,৫৪,৭৭২/-	২,৭৬,০০,০০০/-	
(২) শিক্ষাবৃত্তি, এককালীন অনুদান, জরুরী চিকিৎসা ও কন্যার বিবাহ বিশেষ চিকিৎসা সহায়তায় শীতবস্ত্র প্রাকৃতিক দুর্যোগে অনুদান	৩,৪৯,৪৮,৯০০/-	৫,৪০,০০,০০০/-	
(৩) জেলা শাখা সমিতিসমূহে ও বিভাগীয় প্রতিনিধিগণের অফিস পরিচালনা	৯৭,৩৩,৮৯০/-	১,৩৭,০০,০০০/-	
(৪) প্রাতিষ্ঠানিক	২,৫০,৬৬,৯২১/-	৩,৬৯,৪৯,৭৩৯/-	
মোট =	৯,২২,০৪,৪৮৩/-	১৩,২২,৪৯,৭৩৯/-	৪৩.৪৩% বেশী

এক নজরে

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০২২ সনের অনুমোদিত বাজেট, ২০২২ সনের সংশোধিত বাজেট ও ২০২৩ সনের প্রস্তাবিত বাজেট নিম্নে উল্লেখ করা হলো :

ক্রমিক নং	বিবরণী	২০২২ সনের অনুমোদিত বাজেট	২০২২ সনের সংশোধিত বাজেট	২০২৩ সনের প্রস্তাবিত বাজেট
১.	প্রাপ্তি খাতে সর্বমোট	১৬,০২,১৬,০০০/-	১৬,৫১,৯৭,০০০/-	১৮,৩৩,৭৫,০০০/-
২.	প্রদান খাতে সর্বমোট	১৬,০২,১৬,০০০/-	১৬,৫১,৯৭,০০০/-	১৮,৩৩,৭৫,০০০/-

বিভিন্ন ব্যাংকে সঞ্চয়ী হিসাব, এস টি ডি ও এস এন ডি হিসাবের স্থিতি

(৩০/১১/২০২২ পর্যন্ত)

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব নং	টাকার স্থিতি (টাকায়)
০১	অগ্রণী ব্যাংক লিঃ	সঞ্চয়ী হিসাব নং-০২০০০০২৬২৬০১৭	৪,২৭,৯৯৩.৮০
০২	অগ্রণী ব্যাংক লিঃ	এস টি ডি হিসাব নং -০২০০০০২৬২৪২১১	৬,২৪,৪১,২৪৭.২৬
০৩	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি :	সঞ্চয়ী হিসাব নং-০০১৪-০৩১০০০৩৭৬৪	২৯,৬৯,৬৪৭.৯২
০৪	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি :	এস এন ডি নং -০০১৪-০৩২০০০০৮৫৫	১০,১৯,০৮৪.৪৭
০৫	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	এস এন ডি নং -৮৬	৫,৫৫,০৮,৫৯৬,৩৪
০৬	অগ্রণী ব্যাংক লিঃ	সঞ্চয়ী হিসাব নং-০২০০০১২১৭৭৪৪৭	২,৫৬,৯৪,৭৩১.৮০
০৭	অগ্রণী ব্যাংক লিঃ	চলতি হিসাব নং-০২০০০১২১৭২৭৭৭৭	৭৫,৭৬,৪৫৪.০০
		মোট স্থিতি=	১৫,৫৬,৩৭,৭৫৫.৫৯

বাজেট বিষয়ে সংক্ষিপ্ত আলোচনার পর এখন আমি ২০২১ সনের নিরীক্ষিত হিসাব ও ২০২২ সনের সংশোধিত বাজেট এবং ২০২৩ সনের প্রস্তাবিত বাজেট সকল সম্মানিত সদস্যগণের অনুমোদনের জন্য পেশ করছি এবং উহা পাশ করার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।



(এ. কে. শামসুল হক)
কোষাধ্যক্ষ

